# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৩৭৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩) পাঁচ ওয়াক্ত নামায আদায় করা উহার প্রতি যত্নবান হওয়া এবং উহা ওয়াজেব হওয়ার ব্যাপারে ঈমান রাখার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلوات الخمس والمحافظة عليها والإيمان بوجوبها

আরবী

(صحيح لغيره) عَنْ عَائِشَةَ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ ثَلَاثٌ أَحْلِفُ عَلَيْهِنَّ لَا يَجْعَلُ اللَّهُ عَزَّ وَجَلَّ مَنْ لَهُ سَهْمٌ فِي الْإِسْلَامِ كَمَنْ لَا سَهْمَ لَهُ فَأَسْهُمُ الْإِسْلَامِ ثَلَاثَةٌ الصَّلَاةُ وَالصَّوْمُ وَالزَّكَاةُ وَلَا يَتَوَلَّى اللَّهُ عَزَّ وَجَلَّ عَبْدًا فِي الدُّنْيَا فَيُوَلِّيهِ غَيْرَهُ يَوْمَ الْقِيَامَةِ وَلَا يُحِبُّ رَجُلٌ قَوْمًا إِلَّا جَعَلَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ مَعَهُمْ وَالرَّابِعَةُ لَوْ حَلَفْتُ عَلَيْهَا رَجَوْتُ أَنْ لَا آثَمَ لَا يَسْتُرُ اللَّهُ عَزَّ وَجَلَّ عَبْدًا فِي الدُّنْيَا إِلَّا سَتَرَهُ يَوْمَ الْقِيَامَةِ. رواه أحمد بإسناد جيد

বাংলা

৩৭৪. (সহীহ্ লি গাইরিহী) আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ ”তিনটি বিষয়ের উপর আমি শপথ করতে পারিঃ

(১) যে ব্যক্তির মধ্যে ইসলামের অংশ রয়েছে আল্লাহ্ তা’আলা তাকে ঐ লোকের বরাবর করেন নাই যার মধ্যে ইসলামের কোন অংশ নেই। আর ইসলামের অংশ হচ্ছে তিনটি (ক) নামায (খ) রোযা (গ) যাকাত।

(২) কোন বান্দাকে যখন আল্লাহ তা’আলা দুনিয়াতে বন্ধু হিসেবে গ্রহণ করেন, তখন কিয়ামতের দিন তাকে অন্য কারো বন্ধু বানিয়ে দিবেন না।

(৩) আর কোন ব্যক্তি যদি কোন জাতিকে ভালবাসে তাহলে আল্লাহ তাকে তাদের মধ্যে শামিল করবেন।

চতুর্থ আরেকটি বিষয় রয়েছে যদি তার জন্য শপথ করি তাহলে আশা করি আমি গুনাহগার হব না। আর তা হচ্ছে দুনিয়াতে আল্লাহ তা’আলা কোন বান্দার দোষ-ত্রুটি যদি গোপন রাখেন তাহলে কিয়ামতের দিনও আল্লাহ তার দোষ-ত্রুটি গোপন রাখবেন।”

(ইমাম আহমাদ ৬/১৪৫ হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88145

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন